

Google Duo

Google Ireland Limited ("Google")

গর্ডন হাউস, ব্যারো স্ট্রিট, ডাবলিন ৪, আয়ারল্যান্ড

<https://support.google.com/>

২১ ডিসেম্বর, ২০২০ থেকে কার্যকর হবে

চুক্তির সারাংশ

- ইউরোপীয় ইউনিয়নের আইন অনুযায়ী আমাদের প্রদান করা পরিষেবার মূল বিষয়গুলি এই চুক্তির সারাংশে বলা রয়েছে¹।
- পরিষেবার অফারগুলির মধ্যে আপনি যাতে তুলনা করে দেখতে পারেন সেই উদ্দেশ্যেই এটি দেওয়া।
- আমাদের পরিষেবার বিষয়ে সম্পূর্ণ তথ্য অন্যান্য ডকুমেন্টে উপলভ্য।

পরিষেবা

Google Duo হল ভিডিও-কমিউনিকেশন পরিষেবা যা ওয়েব ইন্টারফেস বা অ্যাপের মাধ্যমে বিভিন্ন ডিভাইস ও প্ল্যাটফর্মে ব্যবহার করা যাবে। Google Duo ব্যবহার করে যোগাযোগ করতে হলে, ইন্টারনেট কানেকশন থাকতে হবে। Google-এর তরফে যথাযথ দক্ষতা ও যত্ন সহকারে Google Duo পরিষেবা প্রদান করা হয়ে থাকে এবং এতে হাই কোয়ালিটির পরিষেবা প্রদান করা হয়।

মূল্য

Google Duo ফ্রিতে ব্যবহার করা যায় এবং এর ব্যবহার Google পরিষেবার শর্তাবলী অনুযায়ী হবে (এতে উপলভ্য <https://policies.google.com/terms>)।

সময়সীমা, রিনিউ করা ও বন্ধ হয়ে যাওয়া

সাইন-আপ করার সাথে সাথেই আপনি Google Duo ব্যবহার করতে পারবেন। আপনি নির্দিষ্ট সময়সীমার মধ্যে Google Duo ব্যবহারে বাধ্য নন ও যেকোনও সময়ে আপনি এর ব্যবহার বন্ধ করে দিতে পারেন।

বিশেষভাবে সক্ষম ব্যবহারকারীদের জন্য ফিচার

Google Duo ব্যবহার করার সময় আপনি 'সাবটাইটেল' ফিচার চালু করতে পারেন। অন্যান্য বিশদ তথ্য এখানে উপলভ্য <https://support.google.com/duo/answer/7660538?hl=en&co=GENIE.Platform=Android>

অন্যান্য প্রাসঙ্গিক তথ্য

গ্রাহক সহায়তা: Google Duo অ্যাপের ব্যবহার সংক্রান্ত সাহায্য / সহায়তা এখানে উপলভ্য <https://support.google.com/>.
সমস্যা: আপনি হুমত <https://ec.europa.eu/consumers/odr/main/?event=main.adr.show2> -এ তালিকাভুক্ত অন্য সমস্যা সমাধানকারীর কাছে অভিযোগ জানাতে পারেন অথবা আপনার দেশের আইন অনুসারে অন্য কোনও সমাধানকারীর কাছেও অভিযোগ জানাতে পারেন। অন্যান্য বিশদ তথ্য Google পরিষেবার শর্তাবলীতে উপলভ্য।

নিরাপত্তা সংক্রান্ত ঘটনা: Google যেকোনও সুরক্ষা ও গোপনীয়তা সংক্রান্ত ঘটনায় কোনওরকম দেরি না করে দ্রুত পদক্ষেপ নিতে নিরাপত্তা সংক্রান্ত ঘটনার ম্যানেজমেন্ট প্রোগ্রাম ২৪/৭ সূনিশ্চিতভাবে চালিয়ে থাকে। এছাড়াও Google গ্রাহকদের Google সিকিউরিটি চেকলিস্টের সুবিধা প্রদান করে যা আপনার অনলাইন সুরক্ষা ম্যানেজ করতে আপনাকে সাহায্য করে।

ব্যক্তিগত তথ্য: Google Duo-তে সাইন আপ করতে হলে আপনার ফোন নম্বর বা ইমেল আইডি দিতে হবে (অথবা উভয়ই দিতে হবে)। আপনি Google Duo ব্যবহার করাকালীন Google আপনার যেসব ব্যক্তিগত তথ্য সংগ্রহ করে তার বিষয়ে আরও জানতে Google-এর গোপনীয়তা নীতি (এখানে উপলভ্য <https://policies.google.com/privacy>) দেখুন। Google-এর গোপনীয়তা নীতি আপনার বা Google-এর মধ্যে হওয়া কোনও চুক্তির অথবা এই সারাংশের অংশ নয়।

¹১১ ডিসেম্বর ২০১৮ ইউরোপীয়ান পার্লামেন্ট এবং কাউন্সিল দ্বারা প্রতিষ্ঠিত ইউরোপীয়ান ইলেক্ট্রনিক কমিউনিকেশন কোডের (OJ L 321, 17.12.2018, p. 36) অন্তর্গত ইউরোপীয় ইউনিয়নের (EU) ২০১৮/১৯৭২ আদেশানুযায়ী আর্টিকেল ১০২(৩)।